



বরিশাল শিক্ষা বোর্ডের অর্ধডজন কর্মকর্তা-কর্মচারী উত্তরপত্র জালিয়াতিতে জড়িত

প্রকাশিত: ২৯ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

- তদন্ত কমিটির রিপোর্ট

স্টাফ রিপোর্টার, বরিশাল ॥ এইচএসসির উত্তরপত্র জালিয়াতির সঙ্গে বরিশাল শিক্ষা বোর্ডের অর্ধডজন কর্মকর্তা ও কর্মচারীরা জড়িত রয়েছেন। এছাড়া উত্তরপত্র ব্যবস্থাপনায় অবহেলা ও উদাসীনতার জন্য ১০টি ত্রুটি চিহ্নিত করেছে তদন্ত কমিটি।

বরিশাল শিক্ষা বোর্ডের গঠিত তদন্ত কমিটির প্রধান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের (বরিশাল) পরিচালক অধ্যাপক ড. মোয়াজ্জেম হোসেন প্রতিবেদন জমা দিয়েছেন বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোঃ ইউনুসের কাছে। দায়িত্বশীল সূত্রে এসব তথ্যের সত্যতা নিশ্চিত করা হয়েছে। বোর্ড চেয়ারম্যান অধ্যাপক মোঃ ইউনুস বলেন, বোর্ডের ভাবমূর্তি রক্ষা এবং কাজ কর্মে শৃঙ্খলা ফেরাতে তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সব দফতরে রদবদল করে ঢেলে সাজানো হবে। তদন্ত কমিটির প্রধান তদন্ত প্রতিবেদনের ব্যাপারে কোন মন্তব্য করতে রাজি না হয়ে বলেন, আনুষ্ঠানিকভাবে বিষয়বস্তু প্রকাশ করা হলে অভিযুক্তদের আইনের আওতায় আনা কঠিন হয়ে পড়বে। অপরদিকে উত্তরপত্র জালিয়াতির ঘটনার কিনারা করতে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মোঃ আনোয়ারুল আজিম বাদী হয়ে বিমানবন্দর থানায় যে মামলা দায়ের করেছিলেন, সেটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে তদন্তের দায়িত্ব পেয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। তদন্ত কর্মকর্তা নিযুক্ত হয়েছেন বরিশাল সিআইডির পরিদর্শক মোঃ মনিরুজ্জামান। তিনি তদন্তের দায়িত্ব পাওয়ার সত্যতা নিশ্চিত করে বলেন, ২৪ সেপ্টেম্বর মন্ত্রণালয়ের নির্দেশে তাকে ওই মামলার তদন্তের দায়িত্ব দেয়া হয়েছে। ইতোমধ্যে তিনি প্রাথমিক তদন্ত শুরু করেছেন। শিক্ষা বোর্ডের নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, চলতি বছরের এইসএসসি পরীক্ষার উচ্চতর গণিতে ১৮টি উত্তরপত্র জালিয়াতির সঙ্গে ১৮ শিক্ষার্থী ছাড়াও অন্য যারা জড়িত রয়েছেন তারা সবাই বরিশাল বোর্ডের কর্মকর্তা ও কর্মচারী। এদের মধ্যে দুজন আছেন প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা। এদিকে তদন্ত প্রতিবেদনে বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের জড়িত থাকার বিষয়টি ছাড়াও ১০টি ত্রুটি চিহ্নিত করেছে তদন্ত কমিটি। সেগুলোর মধ্যে অন্যতম হচ্ছে- বোর্ডের গোপনীয় শাখা, পরীক্ষা শাখাসহ গুরুত্বপূর্ণ শাখাগুলোতে একই ব্যক্তি একই পদে বছরের পর বছর দায়িত্ব পালন করা, উত্তরপত্র কক্ষে সিসি ক্যামেরা না থাকা, জনবল সঙ্কট, তদারকির অভাব ইত্যাদি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাল্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

